

প্রেস বিজ্ঞপ্তি

ভোগ্যপণ্যের ব্যবসায় আসছে পিংকসিটি

দেশের শীর্ষস্থানীয় আবাসন প্রকল্প দ্যা জেনোভ্যালি পিংকসিটি এবার ভোগ্যপণ্য উৎপাদনে আসছে। আর্ন্তজাতিকমানের উৎপাদন প্যান্ট ও পণ্য তৈরির লক্ষ্যে হাজার কোটি টাকার একটি বিনিয়োগ প্রকল্প হাতে নিয়েছে প্রতিষ্ঠানটি। প্রতিষ্ঠানটির নতুন এই কোম্পানীর নাম পিংফুড। চলতি বছরের মধ্যে কোম্পানীটি বাজারে আসবে বলে প্রতিষ্ঠান সংশ্লিষ্টরা জানিয়েছেন।

ঢাকার অদূরে ফ্যাঙ্কটরির অবকাঠামো উন্নয়নের কাজ শুরু হয়েছে। প্রাথমিকভাবে শুকনো খাবার যেমন নুডলস, ড্রাইকেক, লাচ্ছা সেমাই, বিস্কুট ইত্যাদি উৎপাদন করবে প্রতিষ্ঠানটি এবং পর্যায়ক্রমে এর পণ্য উৎপাদনের পরিধি আরো বাড়বে। প্রতিষ্ঠানটির মহাব্যবস্থাপক জনাব মোঃ আখতারুজ্জামান বলেছেন, ইতোমধ্যে আমরা পরীক্ষামূলকভাবে উৎপাদন শুরু করেছি। শিগগিরই পূর্ণাঙ্গভাবে উৎপাদনে আসব আমরা। ভবিষ্যতে আরও বেশী পণ্য উৎপাদনের পরিকল্পনা আছে আমাদের। দেশীয় বাজার ছাড়াও আর্ন্তজাতিক বাজারে ভোগ্যপণ্য রপ্তানির পরিকল্পনা করছে পিংফুড। এরই মধ্যে নমুনা হিসাবে মালয়েশিয়ায় পণ্য পাঠানো হয়েছে। তিনি আরো বলেন, মধ্যপ্রাচ্যের বাজারকে সবচেয়ে বেশী সম্ভাবনাময় মনে করছি আমরা।

পিংকসিটি জেনোভ্যালীর পরিচালক জনাব মাহফুজ বলেন, দেশে বিনিয়োগের প্রচুর খাত রয়েছে। এসব খাতে বিনিয়োগ করে দেশের অর্থনীতিতে অবদান রাখা যায়। একই সঙ্গে ব্যবসায়িকভাবে লাভবান হওয়া যায়। এরই ধারাবাহিকতায় খাদ্য ও পানীয় উৎপাদন খাতে বিনিয়োগের পরিকল্পনা করেছি আমরা।

পিংফুডের ব্র্যান্ড ম্যানেজার রাজীব সাহা আশা প্রকাশ করে বলেন, পিংফুডের বিভিন্ন ব্র্যান্ডের পণ্যের গুনগতমান উন্নত হওয়ায় অতি সহজেই মানুষের মন জয় করতে সক্ষম হবে। তিনি জানান, বাজারে পিংফুডের পণ্যের চাহিদা বাড়ার সঙ্গে সঙ্গে বিনিয়োগের পরিমাণও বাড়বে। প্রাথমিকভাবে, কোম্পানীটি ৫০-৬০ ধরনের পণ্য নিয়ে যাত্রা শুরু করছে।